ঝিনাইদহে বিএনপির দু’গ্রুপের পাল্টাপাল্টি প্রতিষ্ঠাবার্ষিকী পালিত

ঝিনাইদহে বিএনপি’র বিবদমান দু’গ্রুপের আয়োজনে পাল্টাপাল্টি ৪৩তম প্রতিষ্ঠা বাষির্কী পালিত হয়েছে। এ উপলক্ষ্যে বুধবার সকালে সাবেক এমপি মশিউর রহমান সমর্থিত গ্রুপের উদ্যোগে আলোচনা ও দোয়ার মাহফিলের আয়োজন করা হয়। শহরের অগ্নিবীনা সড়কের বিএনপির কার্যালয়ের এই আলোচনা সভা বিএনপি নেতা শাহজাহান আলীর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিএনপির চেয়ারপার্সনের উপদেষ্টা ও সাবেক এমপি মোঃ মসিউর রহমান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সদর উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক আব্দুল আলিম, ড্যাব কেন্দ্রীয় নির্বাহী কমিটির সদস্য ডা: ইব্রাহিম রহমান বাবু, জেলা যুবদলের সভাপতি আহসান হাবিব রণক, জেলা ছাত্রদলের সভাপতি সৌমেনুজ্জামান সৌমেন ও কৃষকদলের সিনিয়র যুগ্ম আহ্বায়ক সামসুর রহমানসহ অন্যান্যরা।

সভায় প্রধান অতিথি মসিউর রহমান বলেন, বর্তমান সরকার জোর করে ক্ষমতায় এসে দেশের গণতন্ত্রকে হত্যা করে স্বৈরতন্ত্র কায়েম করেছে। তিনি আরও বলেন, বর্তমান সরকার রাজনৈতিক ভাবে পরাজিত হয়ে জিয়াউর রহমান সম্পর্কে বিভ্রান্তি ছড়াচ্ছে, মুক্তিযুদ্ধে তাদের দলের কেন্দ্রীয় নেতাদের কোন ভুমিকা ছিল না। ভারতে পালিয়ে তারা ইন্ডিয়া সরকারের রিলিফ খেয়েছে আর ফুর্তি করে বেড়িয়েছে। সে দিন জিয়াউর রহমানের স্বাধীনতা ঘোষনার তুর্য্যুধ্বনী দেশবাসিকে যুদ্ধে ঝাপিয়ে পড়ার সাহস যুগিয়েছিল। মসিউর রহমান তার সময়কার ঝিনাইদহের উন্নয়নের চিত্র তুলে ধরেন।

অপরদিকে এমএ মজিদ সমর্থিত গ্রুপটি শহরের এইচএসএস সড়কের দলীয় কার্যালয়ে আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন করে জেলা বিএনপি। জেলা বিএনপির সিনিয়র যুগ্ম আহ্বায়ক আব্দুল মালেকের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আহ্বায়ক এ্যাড. এস এম মশিয়ুর রহমান।

বক্তব্য রাখেন জেলা বিএনপির সদস্য সচিব এ্যাড. এম এ মজিদ, জেলা

বিএনপির যুগ্ম আহ্বায়ক আক্তারুজ্জামান, জাহিদুজ্জামান মনা, আব্দুল মজিদ বিশ্বাস, সদর থানা বিএনপির আহ্বায়ক এ্যাড. কামাল আজাদ পান্নু, সদস্য সচিব আলমগীর হোসেন প্রমুখ। আলোচনা সভা ও দোয়া মাহফিল শেষে করোনা আক্রান্ত রোগীদের জন্য অক্সিজেন সিলিন্ডার ও ঔষধ বিতরণ করা হয়।

হরিণাকুণ্ডুতে UID নম্বর প্রদান সংক্রান্ত শিক্ষক প্রশিক্ষণ কর্মশালা

ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে CRVS ব্যবস্থাপনার আলোকে শিক্ষার্থীদের প্রোফাইল ডাটাবেইজ তৈরি ও UID নম্বর প্রদান সংক্রান্ত শিক্ষক প্রশিক্ষণ কর্মশালা শুরু হয়েছে।

বুধবার উপজেলার আন্দুলিয়া মাধ্যমিক বিদ্যালয় ও সালেহা বেগম মহিলা কলেজে এই প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে অনুষ্ঠানের উদ্বোধন ঘোষণা করেন হরিণাকুন্ডু উপজেলা পরিষদের চেয়ারম্যান মোঃ জাহাঙ্গীর হোসাইন।

সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা সৈয়দা নাফিস সুলতানা। এসময় উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ফজলুল হক উপস্থিত। প্রশিক্ষণে উপজেলার বিভিন্ন কলেজ, মাধ্যমিক বিদ্যালয় ও মাদরাসার শিক্ষকবৃন্দ অংশ নেন।

দুইদিনব্যাপী এই প্রশিক্ষণে চার ব্যাচে উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ১২০ জন শিক্ষক অংশগ্রহণ করবেন।

করোনার টিকা নিয়ে বাড়ি ফেরা হলোনা দুই সহ দরের

টিকা নিয়ে আর বাড়ি ফেরা হলোনা দুই সহ দরের।বুধবার ভোরে মানিক গঞ্জের ধামরাইলে পাটুরিয়া গামী বাসের ধাক্কায় প্রানপ্রদী পনি ভেযায় মটর সাইকেল আরোহী দুই ভাইয়ের। নিহত নাছির উদ্দিন জোয়ার্দ্দার (৪৫) ও তার ছোট ভাই নাফিস উদ্দিন জোয়ার্দ্দার ঝিনাইদহের শৈলকুপার উত্তর মির্জাপুর গ্রামের মৃত আবুল কালাম আজাদের ছেলে। নাছির উদ্দিন দীর্ঘ ২০ বছরেরও বেশী সময় সৌদি প্রবাসী ব্যবসায়ী ও তার ছোট ভাই নাফিস উদ্দিন ভারতের দিল্লীর একটি ইঞ্জিনিয়ারিং কলেজ থেকে সদ্য এম বিএ শেষ করেন বলে জানা যায়। সড়ক দূর্ঘটনায় নিহত নাছির ও নাফিজের ভগ্নি পতি মোশারফ হোসেন জানান, নাছির উদ্দিন ২০ বছরেরও বেশী সময় সৌদি প্রবাসী। সৌদি আরবে নিজ ব্যবসা প্রতিষ্ঠানে ফিরতে হবে এ জন্য সে গত সোমবার ছোট ভাই নাফিসকে সাথে নিয়ে ফাইজারের টিকা নিতে মোটর সাইকেল যোগে ঢাকাতে যায়। গত মঙ্গলবার টিকা গ্রহন সম্পন্ন করে বুধবার ভোরে দুই ভাই মোটর সাইকেলে বাড়ির উদ্দেশ্যে রওনাহন। পথের মধ্যে মানিক গঞ্জের ধামরাইলের ঢাকা-আরিচা মহাসড়কের বাথুলী নামক স্থানে পাটুরিয়া গামী একটি যাত্রবাহী বাস তাদের চাপা দিলে ঘটনা স্থলেই দুই ভায়ের মৃত্যু হয় বলে তিনি জানতে পারেন। নাছিরের ছোট ভাই নাফিস ভারতের দিল্লীর একটি ইঞ্জিনিয়ারিং কলেজ থেকে সদ্য এমবিএ শেষ করেছে বলে তিনি জানান।
৫নং কাঁচের কোলা ইউনিয়নের চেয়ারম্যান সালা উদ্দিন জোয়ার্দ্দার মামুন জানান, বুধবার ভোরে ঢাকার ধামরাইলে সড়ক দূর্ঘটনায় তার ইউনিয়নের উত্তর মির্জাপুর গ্রামের আপন দুই ভাই নিহত হয়েছে। নিহত নাছির সৌদি প্রাবাসী ও তার ছোট ভাই নাফিস ভারত থেকে সদ্য এমবিএ শেষ করেছে।
শৈলকুপা থানারওসি (তদন্ত) মহসিন হোসেনজানান, মানিকগঞ্জ থেকে এ ধরনের কোন দূর্ঘটনার কথা তাদের কে জানানো হয়নি।

ঝিনাইদহের শৈলকুপায় আধিপত্য বিস্তার নিয়ে দু’গ্রুপের সংঘর্ষ-আহত ২০

ঝিনাইদহের শৈলকুপায় আধিপত্য বিস্তার কে কেন্দ্র করে দুদল গ্রামবাসীর মধ্যে সংঘর্ষে কমপক্ষে ২০ জন আহত হয়েছে। দুধসর ইউনিয়নের কুলচারা গ্রামে সামাজিক আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে আওয়ামীলীগ সমর্থিত দুই গ্রুপের মধ্যে মঙ্গলবার সকালে এই সংঘর্ষের ঘটনা ঘটে।

আহতরা হলো-উভয় পক্ষের ওই গ্রামের বজলুর রহমান, সেলিম বিশ্বাস, হুজুর আলী বিশ্বাস, সবুর মিয়া, সোহাগ বিশ্বাস, জাইবার বিশ্বাস, নুজদার আলী বিশ্বাস, আখের আলী, নান্নু বিশ্বাস, রুস্তম আলী, খলিল বিশ্বাস, মোদাচ্ছের আলী, হাকিম বিশ্বাস, সবেদ আলীসহ অন্তত ২০ জন।
শৈলকুপা থানার ওসি জাহাঙ্গীর আলম জানান, দীর্ঘদিন ধরে ওই গ্রামের পান্নাফ মোল্লা ও সেলিম বিশ্বাসের সমর্থকদের মাঝে সামাজিক আধিপত্য বিস্তার নিয়ে বিরোধ চলে আসছিল।

গত সোমবার ওই গ্রামের পান্নাফের সমর্থক কেদার আলী সাথে সেলিমের সমর্থক মামুদ আলী জমি কেনা-বেচা নিয়ে বাক-বিতন্ডা হয়। এরই জের ধরে গতকাল মঙ্গলবার সকাল থেকে দফায় দফায় উভয়পক্ষের লোকজন দেশীয় অস্ত্র-শস্ত্রে সজ্জিত হয়ে সংঘর্ষে জড়িয়ে পড়ে। এতে উভয় পক্ষের কমপক্ষে ২০ জন আহত হয়।

খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রনে আনে। আহতদের উদ্ধার করে ঝিনাইদহ সদর হাসপাতালে ভর্তি করা হয়েছে। পরিস্থিতি স্বাভাবিক রাখতে এলাকায় পুলিশ মোতায়েন করা হয়েছে।

শৈলকুপা থানা পুলিশের সাথে সাপুড়িয়াদের মতবিনিময় সভা

ঝিনাইদহের শৈলকুপা থানার সার্ভিস ডেলিভারি সেন্টারে মঙ্গলবার সকাল ১১টায় উপজেলার সকল সাপুড়িয়াদের নিয়ে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

মতবিনিময় সভায় উপস্থিত ছিলেন,অফিসার ইনচার্জ মোঃ জাহাঙ্গীর আলম ও পুলিশ পরিদর্শক (তদন্ত) মোঃ মহসীন হোসেন সহ সকল অফিসারবৃন্দ। অফিসার ইনচার্জ মোঃ জাহাঙ্গীর আলম সাপুড়িয়াদের উদ্দেশ্যে বলেন,সাপে কাঁটা রোগীর চিকিৎসা করার নামে সময় ক্ষেপণ না করে, দ্রত সরকারী হাসপাতালে পাঠাতে হবে।

সাপের সংবাদ পেয়ে সাপ ধরতে গেলে যেন নিজের নিরাপত্তা বজায় রেখে কাজ করা হয়। এছাড়া চিকিৎসার নামে অবহেলা করে কোন সাপে কাটা রোগীর মৃত্যুর কারণ যেন না হয়। যদি এমন হয় তবে উক্ত সাপুড়িয়াদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহন করা হবে বলে সতর্ক করেন।

শৈলকুপায় মাছের পোনা অবমুক্ত করণ

ঝিনাইদহের শৈলকুপায় জাতীয় মৎস্য সপ্তাহ উপলক্ষে মাছের পোনা অবমুক্ত করণ করা হয়েছে। মঙ্গলবার দুপুরে উপজেলা পরিষদের পুকুরে মাছের পোনা অবমুক্ত করেন ইউএনও কানিজ ফাতেমা লিজা।

এসময় উপজেলা পরিষদ চেয়ারম্যান শিকদার শেফালি বেগম,মৎস্য কর্মকর্তা শরিফুল ইসলাম, প্রেসক্লাবের সভাপতি এম হাসান মুসাসহ মৎস্যচাষী ও জেলেরা উপস্থিত ছিলেন।

মৎস্য কর্মকর্তা শরিফুল ইসলাম বলেন, মৎস্য খাত দেশের আমিষের চাহিদা পূরণের পাশাপাশি বৈদেশিক মুদ্রা অর্জনে উজ্জ্বল সম্ভাবনাময় একটি খাত। এছাড়া কর্মসংস্থান সৃষ্টিতেও এ খাতের

সম্প্রসার খুবই গুরুত্বপূর্ণ।

হরিণাকুণ্ডুতে যৌতুক না দেওয়ায় গৃহবধুকে অমানষিক নির্যাতন

ঝিনাইদহ হরিণাকুন্ডু উপজেলার চাঁদপুর ইউনিয়নের ছোট ভাদড়া গ্রামে যৌতুক না দেওয়ায় সিমা খাতুন (১৯) নামের এক গৃহবধুকে অমানষিক নির্যাতন করেছে তার স্বামী ও শ্বশুড় বাড়ির লোকজন। সোমবার রাতে এ ঘটনা ঘটে। নির্যাতিতা সিমা খাতুনকে ঝিনাইদহ সদর হাসপাতালে ভর্তি করা হয়েছে।
সিমার মা আঙ্গুরা খাতুন জানান, ১ বছর আগে ছোট ভাদড়া গ্রামের টিপু বিশ্বাসের ছেলে রনি বিশ্বাসের সাথে বিয়ে হয়। বিয়ের সময় পরিবার থেকে রনিকে সোনার গহনাসহ নানা উপকরণ দেওয়া হয়। বিয়ের পর কিছুদিন সব কিছু ঠিক থাকলেও ৬ মাস পর থেকে সিমার উপর নির্যাতন শুরু করে রনি ও তার পরিবার। বাবার বাড়ি থেকে টাকা আনতে অস্বীকার করায় প্রায়ই তাকে শারিরীক ও মানষিক নির্যাতন করে আসছিল। সর্বশেষ মঙ্গলবার রাতে সিমা খাতুনকে রনি, শ্বশুড় টিপু সুলতান ও শ্বাশুড়ি তাকে অমানষিক নির্যাতন করে। মারধরে অজ্ঞান হয়ে গেলে প্রতিবেশীরা তাকে উদ্ধার করে ঝিনাইদহ সদর হাসপাতালে ভর্তি করে।
সিমার মা আঙ্গুরা খাতুন বলেন, রনি জোড়াদহ ভূমি অফিসে চাকুরি করে। বিয়ের পর থেকে ওই লোভী রনি আমার মেয়েকে নির্যাতন করছে। আমি এর বিচার চাই।
অভিযুক্ত রনি বিশ্বাস বলেন, অনেক বিষয় আছে ভাই। সরাসরি দেখা করেন বলতে পারব। এ ব্যাপারে হরিণাকুন্ডু থানার ওসি আব্দুর রহিম মোল্লা বলেন, ঘটনাটি শুনেছি। পরিবারের পক্ষ থেকে অভিযোগ দিলে তদন্ত করে ব্যবস্থা নেওয়া হবে।

৩৫ বছর পর মায়ের কোলে ফিরেছে পাকিস্তানে পাঁচার হওয়া ঝিনাইদহের জাহেদা

ঝিনাইদহের জাহেদা খাতুনকে ১৯৮৫ সালে পাবনার ঈশ্বরদীতে বিয়ে দেওয়া হয়। বিয়ের কয়েক বছর পর তাকে নেশা জাতীয় ওষুধ খাইয়ে পাকিস্তানে বিক্রি করে দেয় শ্বশুরবাড়ির লোকজন। জাহেদার পরিবারকে বলা হয় তিনি বাড়ির উদ্দেশ্যে চলে গেছেন। অনেক খোঁজাখুঁজির পর তাকে না পেয়ে পরিবার ভেবেছিল তিনি মারা গেছেন। কিন্তু মায়ের মন বলছিল মেয়ে একদিন ফিরে আসবে। দীর্ঘ অপেক্ষার পর সেই জাহেদা প্রায় ৩৫ বছর পর পাকিস্তান থেকে ফিরে এসেছেন।

জাহেদা খাতুনের বর্তমান বয়স ৫৫ বছর। ঝিনাইদহ সদরের ভুটিয়ারগাতী গ্রামের মৃত জব্বার আলী শেখের বড় মেয়ে। গত ২৮ শে আগস্ট রাতে তিনি বাংলাদেশ এয়ারলাইন্সের একটি ফ্লাইটে পাকিস্তান থেকে দেশে আসেন। পরদিন ২৯ আগস্ট বিকেলে তিনি ঝিনাইদহে বাবার বাড়িতে ফেরেন।

জাহেদা মাত্র তিন মাসের ভিসায় পরিবারের কাছে ফিরেছেন। সময় শেষ হলেই তাকে পাকিস্তানে ফিরতে হবে।
জাহেদার পরিবারের লোকজন সাংবাদিকদের জানান, ৪০ বছর আগে পাবনা জেলার ঈশ্বরদীর রহিমের সঙ্গে জাহেদার বিয়ে হয়। পরিবার জানতো না তার ঘরে সতীন আছে। শ্বশুর-শাশুড়ি ও ননদ ষড়যন্ত্র করে জাহেদাকে নেশা জাতীয় কিছু খাইয়ে অজ্ঞান করে বিক্রি করে দেন। পরে যখন তার জ্ঞান ফেরে তিনি তখন দেখেন সম্পূর্ণ ভিন্ন এক জায়গায় রয়েছেন। পরবর্তীতে বুঝতে পারেন এটা বাংলাদেশ নয়, পাকিস্তানের করাচি। সেখানে তাকে দুই বার বিক্রি করা হয়।

একপর্যায়ে সেখানকার এক আলেম তাকে কিনে মুক্ত করে দেন। তখন বাংলাদেশে ফিরে আসার কোনো ব্যবস্থা করতে না পেরে তিনি জাহেদাকে এক পাকিস্তানি যুবক গুল্লা খানের সঙ্গে বিয়ে দেন। জাহেদার জীবনে একটু স্বস্তি ফিরে আসে। সেখানে তার ইয়াসমিন (২২) নামের একটি মেয়ে রয়েছে।

নামে এক ছেলে আমাদেরকে খোঁজ করে। তাদের সহযোগিতায় আমার বোন বাড়িতে ফিরে আসেন।
জাহেদা খাতুন বলেন, পাবনার শ্বশুরবাড়ির লোকজন আমাকে পাকিস্তানে বিক্রি করে দেয়। পরে সেখানে এক আলেমের সঙ্গে আমার পরিচয় হয়। এরপর ওই আলেম আমাকে পাকিস্তানি যুবক গুল্লা খানের সঙ্গে বিয়ে দেন। সেখানে আমার একটা মেয়েও হয়। কিন্তু দেশে আসার কোনো উপায় জানা ছিল না আমার।

এরপর ওয়ালিউল্লাহ মারুফের সঙ্গে যোগযোগ করি, সে আমাকে ফেসবুকের মাধ্যমে বাংলাদেশের নেত্রকোনা জেলার মনজুর আহমেদের সঙ্গে যোগাযোগ করে আমার পরিবারের সঙ্গে যোগাযোগ করে দেয়। এরপর আমাকে তিন মাসের একটি ভিসা দিয়ে বাংলাদেশে পাঠায়। এখন আমি আমার পরিবারকে কাছে পেয়ে খুবই আনন্দিত।

ঝিনাইদহের হলিধানী ইউনিয়নে এমপি’র অনুদানের চেক বিতরণ

ঝিনাইদহ সদরের ৪নং হলিাধানী ইউনিয়নে বিভিন্ন উন্নয়ন কর্মকান্ডে ঝিনাইদহ-২ আসনের সংসদ সদস্য তাহজীব আলম সিদ্দিকী সুমির দেওয়া আর্থিক অনুদানের চেক বিতরণ করা হয়েছে। ৪নং হলিধানী ইউনিয়ন পরিষদ কার্যালয়ে এই চেক হস্তান্তর করা হয়। অনুদানের চেক পেয়েছেন গাড়ামারা গ্রামের উত্তর পাড়া গোরস্থানে ১ লক্ষ টাকা ও হলিধানী শেখপাড়া মসজিদে ৫০ হাজার টাকা । চেক হস্তান্তর করেন ৪নং হলিধানী ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান ও ইউনিয়ন আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক মোঃ মতিয়ার রহমান, ঝিনাইদহ সদর উপজেলা যুবলীগের যুগ্ম আহ্বায়ক মোঃ হারুনুর রশিদ। এসময় ইউনিয়ন পরিষদের সম্মানিত সদস্যগণসহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

ঝিনাইদহে শ্রী শ্রী রাধামাধব মন্দির শ্রীকৃষ্ণের জন্মাষ্টমী পালন

সনাতন ধর্মাবলম্বীদের মহাবতার ভগবান শ্রীকৃষ্ণের শুভ জন্মতিথি গতকাল সোমবার পালিত হয়েছে। শাস্ত্রমতে, দ্বাপর যুগের সন্ধিক্ষণে ভগবান শ্রীকৃষ্ণ জন্মগ্রহণ করেছিলেন ভাদ্র মাসের কৃষ্ণপক্ষের অষ্টমী তিথিতে। তার জন্মতিথিকে জন্মাষ্টমী হিসেবে উদযাপন করা হয়। তবে করোনা মহামারির কারণে এ বছর সমাবেশ, শোভাযাত্রা, মেলা, সাংস্কৃতিক অনুষ্ঠানসহ কোনো আয়োজনই থাকছে না। স্বাস্থ্যবিধি মেনে শ্রী শ্রী রাধামাধব মন্দির (আন্তর্জাতিক কৃষ্ণভাবনামৃত সংঘ ইসকন) জেলা কেন্দ্রীয় মন্দির ঝিনাইদাহ; প্রাঙ্গণেই সীমাবদ্ধ থাকবে পূজা-আর্চনাসহ সব আয়োজন। হিন্দু ধর্মাবলম্বীদের বিশ্বাস অনুসারে, পাঁচ হাজার বছর আগে পাশবিক শক্তি যখন ন্যায়, নীতি, সত্য ও সুন্দরকে গ্রাস করতে উদ্যত হয় তখন সেই অশুভ শক্তিকে দমন করে কল্যাণ ও ন্যায় প্রতিষ্ঠার জন্য অবতার হিসেবে শ্রীকৃষ্ণের আবির্ভাব ঘটে। দুষ্টের দমন ও শিষ্টের পালনের জন্য যুগে যুগে ভগবান মানুষের মধ্যে অবতীর্ণ হন এবং সত্য ও সুন্দরকে প্রতিষ্ঠা করেন। হিন্দু পঞ্জিকা মতে, ভাদ্র মাসের কৃষ্ণপক্ষের অষ্টমী তিথিতে যখন রোহিণী নক্ষত্রের প্রাধান্য হয় তখন জন্মাষ্টমী পালিত হয়।